তারিখ ... 30.12.83

পৃষ্ঠা ... ... ...

দৈনিক বাংলা

097

পরিদর্শক ও হিসাব নিরীক্ষণ পরিদফতর

(শিক্ষা মন্ত্রণালয়, গণভবন কমপ্লেক্স),

শেরেবাংলা নগর, ঢাকা-৭।

স্মারক নং ডিআইএ/৮২/১১এ-৩/২১২৫৮

তারিখ: ২৮-১২-৮৩

## বেসরকারী শিক্ষাপ্রতিষ্ঠানের হিসাবাদি অডিট সম্পর্কে বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা দেশের সমস্ত বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের অবগতির জন্য জানানো যাইতেছে যে, কতিপয় অননুমোদিত অডিট ফার্ম অত্র পরিদফতর অথবা অন্যান্য কর্তৃপক্ষ কর্তৃক বেসরকারী শিক্ষাপ্রতিষ্ঠানের অডিট কার্যসম্পন্ন করার জন্য নিয়োজিত হইয়াছেন বলিয়া বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে পত্র দিতে-ছেন যাহা অত্র পরিদফতরের গোচরীভূত হইয়াছে।

যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক বেসরকারী শিক্ষাপ্রতিষ্ঠানের জন্য অডিটর নির্বাচন কার্য এ পর্যন্ত চূড়ান্ত হয় নাই। যথাসময়ে এলাকা ভিত্তিক মনোনীত অডিট ফার্মের তালিকা প্রকাশ করা হইবে।

অতএব, দেশের সকল শিক্ষাপ্রতিষ্ঠানসমূহের কর্তৃপক্ষকে তাঁহাদের ১৯৮১-৮২ এবং ১৯৮২-৮৩ আর্থিক বৎসরের অডিট কার্য পুনঃবিজ্ঞাপিত না দেওয়া পর্যন্ত কোন অননুমোদিত অডিট ফার্ম কর্তৃক অডিট না করানো এবং কোন অননুমোদিত ফার্মকে প্রতিষ্ঠানের তহবিল হইতে অডিট ফিস প্রদান না করার জন্য সতর্ক করা হইতেছে।

তবম—১৪৩০৭(৪) (২৮-১২)

পরিচালক,
পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ পরিদফতর,
শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা-৭।

জি—৪৩৯৮